بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

نحمدہٗ و نصلّی علی رسولہ الکریم

সংক্ষিপ্তসার খুতবা জুমুআ

# খায়বার যুদ্ধাভিযান এবং ওয়াদিউল কুরা'র যুদ্ধাভিযানের প্রেক্ষাপটে মহানবী (সা.) এর জীবনচরিত

## মওলানা মুহাম্মদ করীম উদ্দীন শাহেদ সাহেব সদর সদর আঞ্জুমান আহ্মদীয়ার স্মৃতিচারণ

## সৈয়্যদনা হযরত আমীরুল মু'মিনীন হযরত মির্যা মাসরূর আহ্মদ খলিফাতুল মসীহ্ আল্ খামেস আইয়্যাদাহুল্লাহু তাআলা বেনাস্রিহিল আযিয কর্তৃক ৪ এপ্রিল, ২০২৫ ইং তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত খুতবা জুমুআ'র সংক্ষিপ্তসার

আশ্হাদু আল্লাহ্ ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু লাশারীকালাহু, ওয়াশ্হাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়ারসূলুহু। আম্মাবাদু ফা-আউযুবিল্লাহি মিনাশ শয়তানির রজিম, বিসমিল্লাহির রহ্মানির রহিম। আল্হামদু লিল্লাহি রব্বিল 'আলামিন। আর রহ্মানির রহিম। মালিকি ইয়াওমিদ্দিন। ইয়্যাকা না'বুদু ওয়া ইয়্যাকা নাস্তাঈ'ন। ইহ্দিনাস সিরাত্বাল মুসতাক্বীম। সিরাত্বাল লাযীনা আনআ'মতা আ'লাইহিম। গায়রিল মাগদূবি 'আলায়হিম। ওয়ালাদ্দল্লীন।

তাশাহ্হুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর সৈয়্যদনা হুযূর আনোয়ার (আই.) বলেন,

রমযানের পূর্বে মহানবী (সা.)-এর জীবনচরিতের প্রেক্ষাপটে বিভিন্ন যুদ্ধাভিযানের ঘটনা বর্ণনা করা হচ্ছিল। সেই ধারাবাহিকতায় খায়বার যুদ্ধ পরবর্তী কিছু কথা আজও উল্লেখ করব। খায়বার বিজয়ের দিনগুলোতে মহানবী (সা.)-এর জন্য আনন্দের আরেকটি উপলক্ষ্য আসে। যার ভিত্তিতে তিনি (সা.) বলেন, আমি জানি না এ দুটি বিষয়ের কোন্টির কারণে আমি অধিক আনন্দিত অর্থাৎ, খায়বার বিজয় নাকি জাফরের প্রত্যাবর্তন? হুদায়বিয়ার সন্ধির পর মহানবী (সা.) নাজ্জাশীর কাছে পত্র প্রেরণ করেন, যেন সেখানে অবস্থানরত মুসলমানরা মদীনায় ফেরত চলে আসেন। সে-ই নির্দেশে দীর্ঘ ১৪-১৫ বছর ইথিওপিয়ায় অবস্থানের পর মুসলমানরা দুটি নৌকায় আরোহণ করে মদীনায় ফেরত আসেন। সেখানে পৌঁছে যখন তারা জানতে পারেন যে, মহানবী (সা.) খায়বার প্রান্তরে যুদ্ধাভিযানে গিয়েছেন– তাঁর সাথে সাক্ষাতের জন্য ব্যাকুল হয়ে তারাও তাৎক্ষণিকভাবে খায়বারে গিয়ে পৌঁছান। তাদের সাথে হযরত আবু মূসা আশআরী (রা.)-র গোত্রের পঞ্চাশজনের অধিক এবং দাওস গোত্রের কিছু লোকও আসেন যাদের মধ্যে আবু হুরায়রা (রা.) এবং তুফায়েল বিন আমর (রা.) ও তাঁর সাথীও ছিলেন। আশজাআ গোত্রেরও কিছু লোক মদীনায় এসেছিলেন। মহানবী (সা.) খায়বার থেকে প্রাপ্ত যুদ্ধলব্ধ সম্পদ থেকে তাদেরকেও কিছু না কিছু অংশ প্রদান করেন।

হযরত জাফর এবং তাঁর সাথী অন্যান্য মুসলমানরা যেহেতু তারা নৌকায় চড়ে এসেছিলেন এজন্য তাদের 'আসহাবে সাফিনা' (নৌকার সাথী) বলা হত। যখন তারা মদীনায় পৌঁছালেন, তখন পনেরো বছর কেটে গিয়েছিল এবং এখানকার মুহাজির মুসলমানরা ততদিনে অনেক যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন এবং হিজরতের ক্ষেত্রেও তারা অগ্রগামী ছিলেন, তাই বোঝা যায় যে ভিতরে ভিতরে আলোচনা হতে লাগল যে, 'আমরাই তাদের তুলনায় অধিক মর্যাদাসম্পন্ন।' একবার হযরত জাফরের স্ত্রী হযরত আসমা বিনতে উমায়েস, উম্মুল মুমিনীন হযরত

হাফসা (রা.) এর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন, তখন সেখানে হযরত উমর (রা.)-ও উপস্থিত ছিলেন। তিনি জিজ্ঞেস করলেন, "এই নারী কে?" অবগত হয়ে হযরত উমর বললেন, "আমরা তো মদীনায় হিজরতে তোমাদের থেকে আগে এসেছি, তাই আমরা মহানবী (সা.)-এর বেশি নিকটবর্তী।" এটা শুনে আসমা কষ্ট আর রাগে বললেন, "আল্লাহ্‌র কসম! এটা কখনোই হতে পারে না। তোমরা তো রাসূলুল্লাহ্ (সা.)-এর সাথে থাকতে, তিনি তোমাদের ক্ষুধার্তকে খাদ্য দিতেন, অজ্ঞকে উপদেশ দিতেন। আর আমরা? আমরা আমাদের দেশ থেকে অনেক দূরে, শত্রু দেশের অজানা মাটিতে ছিলাম। সেখানে আমাদের বহু ভয় ও আতঙ্কের মুখোমুখি হতে হয়েছে। আমরা এসব কষ্ট আল্লাহ্ ও তাঁর রাসূল (সা.)-এর সন্তুষ্টির জন্য সহ্য করেছি। খোদার কসম! মহানবী (সা.)-কে এ বিষয়ে জিজ্ঞেস না করা পর্যন্ত আমি পানাহার করব না।" এরপর বিষয়টি মহানবী (সা.)-এর সমীপে উপস্থাপন করা হলে তিনি (সা.) বলেন, তারা তোমাদের চেয়ে অধিক গ্রহণযোগ্যতা রাখে না, কেননা তোমরা-যারা হাবশার দিকে নৌকাযোগে গিয়েছিলে দুটি হিজরত করেছ আর তারা কেবল একটি হিজরত করেছে।"

এখানে এক হাবশী ক্রীতদাস **ইয়াসার**, যে মুসলমান হয়েছিল তার শাহাদতেরও উল্লেখ পাওয়া যায়। বর্ণনায় আছে, সে খাইবারের এক ব্যক্তির ছাগলের পাল চরাতো। তার অন্তরে মহানবী (সা.)-এর প্রতি ভালোবাসা গেঁথে গিয়েছিল। একদিন সে ছাগল নিয়ে বের হয়, মুসলমানরা তাকে ধরে ফেলল এবং মহানবী (সা.)-এর কাছে নিয়ে এল, অথবা একটি বিশদ বর্ণনা অনুযায়ী, সে নিজেই ছাগল নিয়ে মহানবী (সা.)-এর কাছে এল। মহানবী (সা.) তার সাথে কথা বললেন। সে বলল, 'যদি আমি আল্লাহ্‌র প্রতি ঈমান আনি, তবে আমি কী পাব?' মহানবী (সা.) বললেন, "তুমি যদি ঈমান আনো, তবে তোমার জন্য জান্নাত রয়েছে।" সে তখন ইসলাম গ্রহণ করল এবং বলল, "হে আল্লাহ্‌র রাসূল! যদি আমি যুদ্ধ করে শহীদ হই, তবে কি আমি জান্নাতে প্রবেশ করব?" মহানবী (সা.) বললেন, "হ্যাঁ, তুমি জান্নাতে প্রবেশ করবে।" সে বলল, "হে আল্লাহ্‌র রাসূল! এই ছাগলগুলো তো আমার কাছে আমানত, আমি এদের কী করব?" রাসূলুল্লাহ্ (সা.) বললেন, "এগুলো সৈন্যদল থেকে আলাদা করে কোনো খোলা মাঠে ছেড়ে দাও। নিশ্চয়ই আল্লাহ্ তোমার পক্ষ থেকে এই আমানত পৌঁছে দেবেন।" বাস্তবে ঠিক তেমনটাই ঘটেছিল।

হুযূর আনোয়ার বলেন, যারা বলে যে মহানবী (সা.) নাকি সম্পদ দখলের জন্য যুদ্ধ করেছেন, বিশেষ করে যারা খাইবার যুদ্ধ নিয়ে এমন অভিযোগ তোলে যে ইহুদিদের সম্পদ অবৈধভাবে দখলের জন্য নাকি অবিচার করা হয়েছিল-তাদের প্রতি এটা জবাব: যুদ্ধের মুহূর্তে, যখন সাহাবারা ক্ষুধায় কষ্ট পাচ্ছিলেন, তখন শত্রুদের ছাগলের পাল সম্পূর্ণভাবে গনিমতের সম্পদ হিসেবে গ্রহণ করা যেত, কিন্তু মহানবী (সা.) তাতে হাত দেননি। বরং তিনি যুদ্ধকালেও আমানতের হক আদায় করে সেই ছাগলগুলো ফিরিয়ে দিতে নির্দেশ প্রদান করেছিলেন। অতঃপর সেই ক্রীতদাস সামনে অগ্রসর হয়ে যুদ্ধ করল এবং শাহাদত বরণ করল-অথচ সে তখনো পর্যন্ত একটি সেজদাও করে নি অর্থাৎ, নামায পড়াও শুরু করে নি।

খাইবারের সময় কিছু **ফিক্‌হি** (ইসলামী আইনসংক্রান্ত) বিষয়েরও উল্লেখ পাওয়া যায়। হযরত আলী (রা.) এর বর্ণনা অনুযায়ী, গাধার মাংস খাওয়া এবং 'মুতআ' (একধরনের সাময়িক বিয়ে) নিষিদ্ধ করা হয় এবং ফাদাকবাসীদের সঙ্গে মহানবী (সা.)-এর এক শান্তিচুক্তির কথাও উল্লেখ রয়েছে।

খাইবারের গনিমতের সম্পদ এবং তার বণ্টন সম্পর্কে হযরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত আছে যে, মহানবী (সা.) খাইবারকে সামগ্রিকভাবে ছত্রিশ অংশে বিভক্ত করেন। তিনি (সা.) তাদের মধ্যে অর্ধেক অর্থাৎ আঠারো অংশ মুসলমানদের জন্য নির্দিষ্ট করেন, যার প্রত্যেকটি অংশ একশত ভাগে বিভক্ত ছিল। অর্থাৎ মোট এক হাজার আটশত ভাগ ছিল। নবী করীম (সা.)-এর জন্য বরাদ্দকৃত একটি অংশও ঠিক অন্য অংশগুলোর মতই ছিল। তিনি (সা.) বাকি অর্ধেক অংশ ভবিষ্যতের অবস্থা, ঘটনার প্রবাহ এবং মুসলমানদের সম্ভাব্য প্রয়োজনে ব্যবহারের জন্য রেখে দেন। যখন খাইবারের দুর্গসমূহ থেকে গনিমতের মাল সংগৃহীত হয়, তখন তাতে তাওরাতের কিছু পাণ্ডুলিপিও পাওয়া যায়। ইহুদিরা অনুরোধ জানালে, মহানবী (সা.) নিরাপত্তার সাথে তা তাদের ফিরিয়ে

দেওয়ার নির্দেশ প্রদান করেন। হুযূর আনোয়ার বলেন: এটা ছিল হযরত মুহাম্মদ (সা.)-এর ধর্মীয় সহনশীলতা এবং অন্য ধর্মের অনুভূতির প্রতি সম্মান প্রদর্শনের এক অনন্য দৃষ্টান্ত, যেখানে তিনি তাদের তাওরাত নিরাপদে ফিরিয়ে দিতে আদেশ করেন। এমন নয় যে, আজকের দিনের মতো ধর্মীয় বিদ্বেষে কেউ কুরআন পুড়িয়ে ফেলে।

খাইবার থেকে ফেরার পথে **ওয়াদিউল কুরা**'র যুদ্ধেরও উল্লেখ পাওয়া যায়। মহানবী (সা.) খাইবার বিজয়ের পর কিছুদিন সেখানে অবস্থান করেন। এরপর মুসলমান বাহিনী যখন ফিরে যাচ্ছিল, তখন ওয়াদিউল কুরায় ইহুদিদের সাথে আবার সংঘর্ষ হয়। হযরত আবু হুরায়রা (রা.) বর্ণনা করেন, মহানবী (সা.)-এর সাথে একটি ক্রীতদাস ছিল যার নাম ছিল **মাদআম**। পথিমধ্যে মহানবী (সা.)- এর উষ্ট্রীর ওপর থেকে হাওদা নিচে নামানোর সময় এক অজ্ঞাত ব্যক্তির তির তার গায়ে এসে লাগে যার ফলে সে তাৎক্ষণিকভাবে সেখানে মারা যায়। লোকেরা বলে, শাহাদতের অভিনন্দন। মহানবী (সা.) বলেন, না, সেই সত্তার কসম যার হাতে আমার প্রাণ! তার পরিহিত চাদরটি জাহান্নামের আগুনে জ্বলছে যা সে খায়বারের দিন বন্টনের পূর্বেই মালে গণিমত থেকে তুলে নিয়েছিল।' যখন এক সাহাবী এটি শুনে বুঝলেন এটি কতটা বিপজ্জনক, তখন তিনি এ কথা শুনে জুতার একটি অথবা দুটি ফিতা এনে ফেরত দিলেন যা তিনিও বন্টনের পূর্বেই নিয়ে নিয়েছিলেন।" মহানবী (সা.) বললেন, "ফিতা এক অথবা দুইও যদি হয়, আগুনে নিয়ে যাওয়ার কারণ হতে পারে।"

হুযূর আনোয়ার বলেন: মহানবী (সা.) 'কুরা উপত্যকায়' চার দিন অবস্থান করেন এবং এরপর মদীনায় ফিরে আসেন। এর বিস্তারিত বর্ণনা, ইনশাআল্লাহ্, পরে বলা হবে।

এরপর তিনি বলেন: এখন আমি কিছু সদ্যপ্রয়াতদের কথা বলবো এবং ইনশাআল্লাহ্, নামাযের পর তাদের গায়েবানা জানাযাও হবে।

প্রথম স্মৃতিচারণ হল **মরহুম মওলানা মুহাম্মদ করীম উদ্দীন শাহেদ সাহেব**, যিনি কাদিয়ানের সদর সদর-আঞ্জুমান আহ্‌মদীয়া ছিলেন। কিছুদিন পূর্বে রমযানের সময় ৮৭ বছর বয়সে তাঁর মৃত্যু হয়। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলায়হে রাজেউন। তিনি একজন 'মুসী' (ওসীয়্যতকারী) ছিলেন। তাঁর পিতা বায়'আত নিয়ে আহ্‌মদীয়া জামা'তে প্রবেশ করেছিলেন। চিন্তাকুন্টার সম্মানিত শেঠ মোহাম্মদ মঈনুদ্দিন সাহেব তাঁকে শিক্ষালাভের জন্য কাদিয়ানে পাঠান। তিনি মাদ্রাসা আহ্‌মদীয়া থেকে ১৯৫৭ সালে পড়াশোনা শেষ করেন এবং ১৯৬০ সালে পঞ্জাব বিশ্ববিদ্যালয় চন্ডীগড় থেকে 'মৌলবি ফাযিল' পরীক্ষায় উত্তীর্ণ হন। পরবর্তীতে জামিয়া আহ্‌মদীয়া রাবওয়া থেকে 'শাহিদ' ডিগ্রি অর্জন করেন। এভাবে, ভারতে 'শাহিদ' ডিগ্রি অর্জনকারী তিনি সর্ব প্রথম মুরব্বী ছিলেন। কাদিয়ানে বিভিন্ন দায়িত্ব পালনের সুযোগ তাঁর হয়েছে। এই সময়কালে তিনি কাদিয়ানের সদর আঞ্জুমান আহ্‌মদীয়ার একজন আলেম হিসেবে সদস্য নিযুক্ত হন। এছাড়াও তিনি অতিরিক্ত নাযিম ইরশাদ ওয়াকফে জাদীদ বেরুন, সদর উমুমী, সদর মজলিস ওয়াকফে জাদীদ, দুইবার জামিয়ার প্রিন্সিপাল, সদর কাযা বোর্ড এবং মজলিসে কারপরদাজের সভাপতি হিসেবে সেবা করারও সৌভাগ্য অর্জন করেন। হুযূর আনোয়ার বলেন ২০২১ সালে তাঁকে আমি সদর সদর আঞ্জুমান আহ্‌মদীয়া নিযুক্ত করি এবং মৃত্যুর আগে পর্যন্ত তিনি এই পদেই নিযুক্ত ছিলেন।

নাযিরে আ'লা কাদিয়ান বলেন: 'মরহুম অত্যন্ত সাধারণ স্বভাবের এবং পরম তুষ্টির সাথে জীবনযাপনকারী একজন মানুষ ছিলেন।' হুযূর আনোয়ার বলেন: 'এটা আমি নিজেও দেখেছি, একদম সত্য কথা।' মরহুমকে জামা'তের পক্ষ থেকে যে সামান্য ভাতা বা অর্থ আসত, তিনি সাদা-মাটা জীবন যাপন করেই সেটাতে সন্তুষ্ট থাকতেন এবং ধার করে খরচ করা একেবারেই অপছন্দ করতেন। তিনি অত্যন্ত সুন্দর হস্তলিপির অধিকারী ছিলেন এবং একজন উচ্চমানের কাতিব (হাতের লেখায় কিতাবত করা ব্যক্তি) ছিলেন। যতদিন না কম্পিউটারে টাইপ করা শুরু হয়, ততদিন '**বদর**' পত্রিকা এবং অন্যান্য জামা'তীয় বই ও ম্যাগাজিনের কিতাবত করার সৌভাগ্য তাঁর হয়েছিল।

তিনি একজন সুদক্ষ বক্তা ও প্রবন্ধ লেখক ছিলেন। কাদিয়ান জলসা এবং অন্যান্য জামা'তীয় ভাষণ ও তরবিয়তমূলক অনুষ্ঠানগুলোতে বক্তৃতা দেওয়ার সৌভাগ্য অর্জন করেছিলেন। কাদিয়ান থেকে এমটিএ-তে সরাসরি

সম্প্রচার হওয়া **'রাহে হুদা'** অনুষ্ঠানে দীর্ঘকাল ধরে প্রশ্নের উত্তর দেওয়ার তৌফিক পেয়েছেন।

তিনি কিডনির রোগে ভুগছিলেন এবং দুর্বল হয়ে পড়েছিলেন, তবুও দায়িত্ব পালনে দৃঢ় মনোবল ধরে রেখেছিলেন। তাঁর আচরণ ছিল অনুসরণীয়। দুর্বলতা ও অসুস্থতা সত্ত্বেও ২০২৪ সালের কাদিয়ানের জলসা সালানার উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন। তিনি সদ্যসমাপ্ত শূরা সম্মেলনেও সভাপতিত্ব করেছিলেন।

আল্লাহ্ তাঁকে দীর্ঘ ৬২ বছর ধরে জামা'তের খেদমতের সুযোগ দান করেছেন। জীবনের শেষ দিকে তিনি পরিবারের সদস্যদের বলতেন যে, 'আমার জন্ম রমযান মাসে হয়েছে, আমার মৃত্যুও রমযানে হবে।' এবং সত্যিই ২৭ রমযানুল মুবারকে তাঁর ইন্তিকাল হয়।

তিনি ছিলেন অত্যন্ত পরিশ্রমী এবং বিনয়ী মানুষ। সবসময় চেষ্টা করতেন নিজের কাজ নিজে করার, যেন কারো উপর বোঝা না হন-নিজের ব্যক্তিগত কাজগুলোও নিজেই করতেন। তিনি ছিলেন কর্মনিষ্ঠ হওয়ার সাথে সাথে জ্ঞান অর্জনকারী একজন সত্যিকারের আলেম। যে জীবন উৎসর্গের অঙ্গীকার তিনি করেছিলেন, সেই অঙ্গীকার তিনি পূর্ণরূপে পালন করেছেন। আল্লাহ্ তা'লা তাঁর মর্যাদা উন্নীত করুন। তাঁর প্রথম বিবাহ হয়েছিল ইকবাল বেগম সাহেবার সাথে, যার ঘরে তাঁর দুই পুত্র ও দুই কন্যা রয়েছেন। তাঁর প্রথমা স্ত্রীর ইন্তিকালের পর দ্বিতীয় বিবাহ হয়। তাঁর সন্তান, কন্যারা, জামাতা প্রমুখ সকলে ইসলামের খেদমতের তৌফিক লাভ করছেন। আল্লাহ্ তা'লা তাঁর বংশধরদের মধ্যেও ধর্মের খেদমতের স্পৃহা অব্যাহত রাখুন।

এরপর হুযূর আনোয়ার কানাডার মুকাররম আব্দুর রশীদ ইয়াহিয়া সাহেব, হায়দ্রাবাদের মির্যা ইমতিয়ায আহমদ সাহেব, ফিলিস্তিনের মুকাররম আলহাজ্জ মুহাম্মদ বিল-আরাবী সাহেব এবং হায়দ্রাবাদের মুকাররম মুহাম্মদ আশরাফ সাহেব প্রমুখ সদ্যপ্রয়াতদের জন্য তিনি দোয়া করেন-আল্লাহ তাঁদের মর্যাদা বৃদ্ধি করুন ও তাঁদের প্রতি ক্ষমার আচরণ করুন।

আল্‌হামদুলিল্লাহি নাহ্‌মাদুহূ ওয়া নাসতায়ীনুহূ ওয়া নাসতাগ্‌ফিরুহূ ওয়া নু'মিনুবিহী ওয়া নাতাওয়াক্কালু আলাইহি ওয়া না'ঊযুবিল্লাহি মিন শুরুরি আনফুসিনা ওয়া মিন সায়্যিআতি আ'মালিনা-মাইয়্যাহ্‌দিহিল্লাহু ফালা মুযিল্লালাহু ওয়া মাই ইউয্‌লিলহু ফালা হাদিয়ালাহু-ওয়া নাশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারীকালাহূ ওয়ানাশহাদু আন্না মুহাম্মাদান আবদুহূ ওয়া রাসূলুহু-

'ইবাদাল্লাহি রাহিমাকুমুল্লাহু-ইন্নাল্লাহা ইয়া'মুরু বিল 'আদলি ওয়াল ইহসানি ওয়া ঈ'তাইযিল কুরবা ওয়া ইয়ানহা 'আনিল ফাহ্‌শাই ওয়াল মুনকারি ওয়াল বাগ্‌ই-ইয়াইযুকুম লা'আল্লাকুম তাযাক্কারুন। উযকুরুল্লাহা ইয়াযকুরকুম ওয়াদ'ঊহু ইয়াসতাজিবলাকুম ওয়ালা যিক্‌রুল্লাহি আকবর।

**('মজলিস আনসারুল্লাহ্ ভারত' কর্তৃক প্রকাশিত সংক্ষিপ্ত উর্দু খুতবার অনুবাদ)**

Bengali Khulasa Khutba Juma
Huzoor Anwar(at)

*4 April 2025*

*Distributed by*

**Ahmadiyya Muslim Mission**

....................*P.O*........................

*Distt*.........................*Pin*.........*W.B*

**To,**

_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _

_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _

_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _

_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _

বিশদে জানতে : Toll Free No.1800 103 2131 www.alislam.org | www.mta.tv | www.ahmadiyyamuslimjamaat.

# নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রকাশিত বাংলা পুস্তক














| | |
|---|---|
| নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের চতুর্থ খলীফা হযরত মির্যা তাহের আহমদ (রাহ.)-এর পৃষ্ঠপোষকতায় ১৯৮৯ সালে **কুরআন মজীদ- বাংলা অনুবাদ ও সংক্ষিপ্ত ব্যাখ্যা** সর্বপ্রথম বাংলাদেশ থেকে প্রকাশিত হয়েছিল। সৈয়্যদনা হযরত খলীফাতুল মসীহ্ আল খামেস (আই.)-এর সদয় অনুমোদনে উক্ত কুরআনটি নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে ২০১৯ সালে প্রথম বার প্রকাশিত হয়েছিল। স্টক দ্রুত শেষ হয়ে যাওয়ায় সৈয়্যদনা হুযুর আনোয়ারের সদয় অনুমোদনে গ্রন্থটির দ্বিতীয় সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে পুনরায় প্রকাশ করা হল। | কুরআন মজীদ- বাংলা অনুবাদ ও সংক্ষিপ্ত ব্যাখ্যা<br>**The Holy Qur'an - Arabic Text and Bengali Translation with Commentary**<br>H.B,<br>Pages-1448,<br>Code- , Price -525/- |
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এই পুস্তকটি ১৯০৬ খৃষ্টাব্দে খ্রীষ্টানদের একটি বিখ্যাত পুস্তক 'য়নাবিউল ইসলাম'-এর জবাবে রচনা করেছিলেন। 'য়নাবিউল ইসলাম'-এর রচয়িতা এটি প্রমাণ করার চেষ্টা করেছিলেন যে কুরআন করীমে কোন নতুন শিক্ষা নেই বরং আঁ হযরত (সা.) (নাউযুবিল্লাহ্) বিগত নবীগনের পুস্তকাবলী হতে চুরি করে কুরআন করীম রচনা করেছেন। হুযুর (আ.) এই আরোপের উত্তর প্রদান করে যথোচিত প্রমাণ করেছেন যে কুরআন মজীদ হ'ল পরিপূর্ণ,অদ্বিতীয় এবং সন্দেহমুক্ত খোদা তাআলার বাণী এবং জীবন্ত নিদর্শন স্বরূপ। এর মধ্যে বর্ণিত অতীত কেসসা কাহিনী সব ভবিষ্যদ্বাণী আকারে উল্লেখিত। হুযুর (আ.) এইফধ পুস্তকের মধ্যে প্রকৃত মুক্তির বিষয়েও আলোকপাত করেছেন। | চশমায়ে মসীহি- খ্রিষ্টান ধর্মতত্ত্ব<br>**Chasma E Masihi**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 60, Code-M-98,<br>Price-40/-<br>Stock -415 |
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এই পুস্তিকাটি ১৯০২ ইং এপ্রিল মাসে লিখে প্রকাশ করেছিলেন। এখানে হযরত (আ.) প্লেগের আক্রমণ সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেছেন। এবং বিরোধীদের সামনে একটি অসাধারণ চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন। এবং এটি তাঁর সত্যতার একটি অকাট্য ও জ্বলন্ত প্রমাণ। | দাফেউল বালা- বালা মুসিবত প্রতিরোধক<br>**Dafi-Ul-Bala Wa Mi Yaro-Ahlil Istifa**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B,Pages-20, Code-M-18<br>Price-25/- |
| পুস্তক 'আমাদের শিক্ষা' হযরত মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম-এর সেই সমস্ত শিক্ষাবলীর নির্যাস যা পুস্তক 'কিশতিয়ে নূহ'-র মধ্যে বর্ণিত। এই পুস্তকটির মধ্যে হযরত মসীহ মাওউদ (আ.) বিশেষরূপে নিজ জামাতের জন্য আধ্যাত্মিক এবং নৈতিক শিক্ষাবলী তুলে ধরেছেন। এই শিক্ষাবলী অন্তর্দৃষ্টি, আধ্যাত্মিকতা এবং সততায় এতটাই পরিপূর্ণ যে প্রত্যেক সত্যান্বেষনকারী এটি থেকে উপকৃত হতে পারে। আহমদীয়াতের বিশ্বাস, তাকওয়ার মর্যাদা যা কিনা প্রতিটা আহমদীর নিকট আশা করা হয় তা যথার্থরূপে অনুধাবনের জন্য পুস্তকটি পাঠ একান্ত অপরিহার্য। | আমাদের শিক্ষা<br>**Hamari Taleem**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 33<br>Code-M-13, Price-20/-<br>Stock -997 |
| বর্তমানে চরম নৈতিক অবক্ষয়ের যুগে যেখানে পাপকে রং-তুলি দিয়ে শোভন করে দেখানো হচ্ছে, সেখানে মানব জাতিকে পাপ থেকে বাঁচিয়ে রাখতে, বিশেষ করে আহমদী ভাই-বোন এবং নতুন প্রজন্মকে আধ্যাত্মিক প্রশিক্ষণ দানের উদ্দেশ্যে সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এই পুস্তিকাটি রচনা করেছিলেন। এই প্রবন্ধটি জানুয়ারী ১৯০২ খ্রিষ্টাব্দে কাদিয়ানে 'রিভিউ অব রিলিজিয়ন' (উর্দূ) পত্রিকার প্রথম সংখ্যায় প্রকাশিত হয়েছিল। বর্তমানে এর বাংলা অনুবাদ কাদিয়ান থেকে প্রকাশিত হয়েছে। | কিভাবে পাপ থেকে মুক্তি পাওয়া যায়<br>**How To Be Free From Sin** by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages-40<br>Code-M-99, Price-20/-<br>Stock -914 |













| | |
|---|---|
| ঐশী ভবিষ্যদ্বাণী অনুযায়ী ১৯০২ খ্রীষ্টাব্দে প্লেগ আকারে এক মহামারি দেখা দেয়। এর থেকে পরিত্রানের উদ্দেশ্যে সরকারের পক্ষ থেকে টিকাকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়। এমতাবস্থায় হযরত মসীহ মাওউদ (আ.) এই পুস্তকটি রচনা করেন যার মধ্যে তিনি সরকারের এই প্রচেষ্টার প্রশংসা করে বলেন যে আল্লাহ্ তাআলা আমাকে সম্বোধন করে বলেছেন, তুমি এবং তোমার বাসগৃহের চার দেওয়ালের মধ্যে যারা থাকবে যারা আনুগত্যের পরাকাষ্ঠা তুলে ধরে প্রকৃত তাকওয়ার সাথে আমাতে বিলীন হবে তাদেরকে এই মহামারির কবল থেকে রক্ষা করা হবে। এছাড়া এই পুস্তকটির মধ্যে হযরত মসীহ মাওউদ (আ.) নিজ জামাতের জন্য অতুলনীয় শিক্ষাবলী তুলে ধরেছেন। এই শিক্ষাবলী এতটাই পবিত্র এবং উৎকৃষ্ঠ যে যদি আমাদের জামাতের সকল সদস্য এগুলির উপর যথোচিতভাবে আমল করে সেক্ষেত্রে তাদের আদর্শ পৃথিবীতে একটি মহান আধ্যাত্মিক বিপ্লব সাধনে সক্ষম হবে। | কিশতিয়ে নুহ<br><br>**Kashti - E- Nooh**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 124<br>Code-M-100, Price-40/-<br><br>Stock -849 |
| এটা হযরত মসীহ মাওউদ (আ.)- এর একটি বক্তৃতা যা ৩ সেপ্টেম্বর ১৯০৪ খ্রীষ্টাব্দে লাহোরে একটি বিরাট জনসমাবেশে পাঠ করা হয়। এটি 'লেকচার লাহোর' নামেও প্রসিদ্ধ। এই বক্তৃতায় হুযুর (আ.) ইসলাম, হিন্দু ধর্মমত ও খৃষ্ট ধর্মমতের বিষয়ে তুলনামুলক আলোচনা করেছেন এবং যুক্তিসহকারে ইসলামের শিক্ষার শ্রেষ্ঠত্ব প্রমাণ করেছেন। | লেক্‌চার লাহোর<br>**Lecture Lahore**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani [a]s<br>P.B, Pages-71, Code-M-101, Price-40/-<br>Stock -415 |
| এটা হযরত মসীহ মাওউদ (আ.)- এর একটি বক্তৃতা যা তিনি ৪ঠা নভেম্বর ১৯০৫ খ্রীষ্টাব্দে অবিভক্ত ভারতবর্ষের পাঞ্জাব প্রদেশের লুধিয়ানা শহরে হাজার হাজার শ্রোতার উপস্থিতিতে উর্দূ ভাষায় প্রদান করেন। তিনি এ বক্তৃতায় ঈসা (আ.) -এর মৃত্যু সম্পর্কে কুরআন, সুন্নাহ্ ও ইতিহাসের তথ্যের ভিত্তিতে জ্ঞানগর্ভ আলোচনা উপস্থাপনা করেন। তাছাড়া এ বক্তৃতায় তিনি আল্লাহ্ তাআলার পক্ষ থেকে প্রাপ্ত ইলহামের ভিত্তিতে ইসলামের বিশ্ব- বিজয়ের শুভসংবাদ দেন। পুস্তিকাটির বাংলা সংস্করণ কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশ করা হচ্ছে । | লেক্‌চার লুধিয়ানা<br>**Lecture Ludiana**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 66<br>Code-M-102, Price-40/-<br>Stock -385 |
| এই পুস্তিকাটি হযরত মসীহ মাওউদ (আ.)- এর একটি বক্তৃতা যা ২ নভেম্বর ১৯০৪ খ্রীষ্টাব্দে সিয়ালকোট স্থিত হিন্দু এবং মুসলমানদের একটি বিরাট জনগোষ্ঠির সামনে পাঠ করা হয়। বর্ক্তৃতাটি 'লেকচার সিয়ালকোট' নামে খ্যাত। এই বর্ক্তৃতায় হুযুর (আ.) ইসলাম এবং অপরাপর ধর্মগুলির মধ্যে তুলনা করে ইসলামের সত্যতা এবং এর জীবন্ত হওয়ার প্রমাণ উপস্থাপন করেছেন। প্রথম বার এই বর্ক্তৃতার মাধ্যমে হুযুর (আ.) হিন্দুদের জন্য কৃষ্ণ হওয়ার দাবী তুলে ধরেছেন। | লেক্‌চার সিয়ালকোট<br>**Lecture Sialkot** by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[a]s<br>P.B, Pages-51<br>Code-M-103, Price-25/-<br><br>Stock -858 |
| এই পুস্তকটি হ'ল লেখনী সম্রাট হযরত মসীহ মাওউদ (আ.)-এর নির্বাচিত উদ্ধৃতিসমূহের একটি সংকলন। ১৯৮৯ সালে জামাত আহমদীয়ার শতবর্ষ উদযাপন উপলক্ষে বিশ্বব্যাপী পুস্তকটি প্রকাশ করা হয়। সৈয়্যদনা হযরত খলীফাতুল মসীহ্ আল খামেস (আই.)-এর সদয় অনুমোদন ও নির্দেশনায় জামাতের আপামর সদস্যের প্রয়োজনীয়তাকে লক্ষ্য করে নাযারত নশর ও এশায়াত কাদিয়ান পুস্তকটিকে পুনরায় প্রকাশ করছে। | নির্বাচিত কতিপয় উদ্ধৃতি<br><br>**Muntakhib Tahreerat**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 51<br>Code-M-32, Price-20/- |









| | |
|---|---|
| ‘রাযে হাকীকত’ পুস্তিকাটি হযরত মসীহ মাওউদ (আ.) ৩০ নভেম্বর ১৮৯৮ খ্রীষ্টাব্দে উর্দূ ভাষায় প্রনয়ন করেন। এতে তিনি পবিত্র কুরআন, হাদীস এবং ঐতিহাসিক দলিল-প্রমাণ ও তত্ত্ব-তথ্যের মাধ্যমে হযরত ঈসা (আ.) এর জীবনের প্রকৃত ঘটনাবলী তুলে ধরে প্রমাণ করেন যে, হযরত ঈসা আলায়হেস সালাম ক্রুশ-বিদ্ধ হয়ে নিহত হন নি। বরং ক্রুশ থেকে উদ্ধার পেয়ে সুস্থাবস্থায় ফিলিস্তিন থেকে হিজরত করে ভারতবর্ষে এসেছিলেন। এই পুস্তিকাটির মাধ্যমে তিনি হযরত ঈসা (আ.) সম্পর্কে খ্রীষ্টান এবং মুসলমানদের ভ্রান্ত ও ভিত্তিহীন ধ্যান ধারণাগুলোকে সমূলে উৎপাটন করেছেন। পুস্তিকাটির বাংলা সংস্করণ কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশ করা হচ্ছে । | রাযে হাকীকত<br>**Raaz E Haqiqat**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 31,Code-M-104<br>Price-40/-<br>Stock- 355 |
| ‘রিভিউ বর মোবাহিসা বাটালবী ও চকড়ালবী’ পুস্তিকাটি হযরত মসীহ মাওউদ (আ.) ১৯০২ খ্রীষ্টাব্দে উর্দূ ভাষায় প্রনয়ন করেছিলেন। পুস্তিকাটির বাংলা অনুবাদ ‘বাটালবী এবং চকড়ালবীর বিতর্কের পর্যালোচনা’ শিরোনামে কাদিয়ান থেকে প্রথমবার অনুদিত এবং প্রকাশিত হয়েছে। | বাটালবী এবং চকড়ালবীর বিতর্কের পর্যালোচনা<br>**Review Bar Mubahasa Batalwi O Chakdalwi**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani [as]<br>P.B,Pages-25, Code-M-105<br>Price-20/- |
| এই পুস্তকটি হযরত মসীহ মাওউদ (আ.)-এর অসাধারণ একটি বক্তৃতা প্রদত্ত ২ ফেব্রুয়ারী ১৯০০ খ্রীষ্টাব্দের বাংলা সংস্করণ। এই বক্তৃতায় হুযুর (আ.) সূরা নাস-এর বিস্তারিত ব্যাখ্যা তুলে ধরে ইংরেজ গভর্নমেন্টের দায়িত্বাবলী তুলে ধরেন। সেই সাথে তাদের অনুগ্রহগুলিকে বর্ণনা করেছেন যা তারা করেছে। | রোয়েদাদ জলসা দোয়া<br>**Ruidaad Jalsa E Dua**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani [as]<br>P.B,Pages-48, Code-M-106<br>Price-25/-<br>Stock- 506 |
| এই ইশতেহারে হযরত মসীহ মাওউদ (আ.) সেই সব সন্দেহ এবং ভ্রান্ত ধারনাগুলির নিরসন করেছেন যা তাঁর (আ.)- পুত্র প্রথম বশিরের মৃত্যুর পরে সৃষ্টি হয়েছিল। বশিরের জন্ম ৭ আগষ্ট ১৮৮৭ এবং মৃত্যু ৪ নভেম্বর ১৮৮৮ খ্রীষ্টাব্দে হয়েছিল। | সবুজ ইশতেহার<br>**Sabz Ishtihar**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-38<br>Code-M-107, Price-30/- |
| হুযুর (আ.) ‘নিয়োগ’ -এর বিষয়ে নিজ পুস্তক ‘নসীম দাওয়াত’-র মধ্যে বর্ণনা করে এর অপকারিতা সম্পর্কে আলোচনা করেছিলেন। একজন আর্য এ বিষয়ে আপত্তি জানালে হুযুর (আ.) এই সংক্ষিপ্ত পুস্তিকা ‘সনাতন ধর্ম’ প্রকাশ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়টি যে অসম্মানজনক এবং মানব স্বভাব বিরূদ্ধ তা বর্ণনা করে এর ক্ষতিকর দিকগুলি তুলে ধরেন। সেই সাথে সনাতন ধর্মীদের এ হেন ঘৃণিত কাজ থেকে বিরত থাকার জন্য তাদের প্রশংসা করেছেন। অতঃপর ধর্মের মধ্যে পরিবর্তন সৃষ্টির জন্য যে তিনটি বিষয়ের উল্লেখ পুস্তক ‘নসীম দাওয়াত’-এর মধ্যে বর্ণনা করেছিলেন এই পুস্তিকাটির মধ্যে সংক্ষিপ্তাকারে সেগুলির উল্লেখ করেছেন। সেই অর্থে এই সংক্ষিপ্ত পুস্তিকাটি ‘নসীম দাওয়াত’ পুস্তকটির পরিশিষ্টাংশ বলা যায়। | সনাতন ধর্ম<br>**Sanatan Dharam**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B,Pages-23, Code-M-108<br>Price-30/-<br>Stock- 383 |
| হযরত মসীহ মাওউদ (আ.) এই পুস্তকটি ১৯০৩ খ্রীষ্টাব্দে রচনা করেছিলেন। এর দুটি অংশ বিদ্যমান। প্রথমাংশ হযরত সাহেবযাদা আব্দুল লতিফ সাহেব রইস আযম খোস্ত আফগানিস্তান এর তাঁর শিষ্য হযরত মিঁঞা আবদুর রহমান (রাযি আল্লাহু আনহুম)-এর শাহাদাতের মর্মস্পর্শী বর্ণনার উপর আধারিত। এবং দ্বিতীয়াংশ আরবী ভাষায় তিনটি পুস্তিকা বিদ্যমান। | তাযকেরাতুশ শাহাদাতাইন<br>**Tadhkiratush Shahadatain**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani [as]<br>P.B, Pages-84<br>Code-M-22, Price -40/-<br>Stock- 213 |















| | |
|---|---|
| হযরত মসীহ মাওউদ (আ.) বিরচিত এই পুস্তকটি ঐশী তত্ত্বজ্ঞান এবং আধ্যাত্মিকতার গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে বর্ণিত। পুস্তকটির প্রারম্ভে ভূমিকম্প সংক্রান্ত ভবিষ্যদ্বাণীর বাস্তবায়নের উল্লেখ রয়েছে। এছাড়া আগামীতে সংঘটিত পাঁচটি ভয়ংকর প্রলয় সম্পর্কে ভবিষ্যদ্বাণী করা হয়েছে। এ বিষয়ে হুযুর (আ.) ঐশী আযাবের বাস্তবতা বর্ণনা করেছেন। সেই সাথে ঐশী এবং শয়তানী স্বপ্নের মধ্যে তুলনামূলক পার্থক্য, আবদুল্লাহ্ আথম সংক্রান্ত ভবিষ্যদ্বাণীর বাস্তবায়ন এবং জামাত আহমদীয়ার বিশ্বব্যাপী গ্রহনীয়তা এবং ক্রমোন্নতির মতো বিষয়গুলি এই পুস্তকের মধ্যে তুলে ধরা হয়েছে। | তাজল্লিয়াতে ইলাহিয়া<br>**Tajalliyate Ilahiyya**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 30<br>Code-M-109, Price-25/-<br>Stock- 941 |
| হযরত মসীহ মাওউদ (আ.) এ ক্ষুদ্র পুস্তিকাটির মধ্যে নাদওয়ার উলেমাদের উদ্দেশ্যে হাফিয মুহাম্মদ ইউসুফ সাহেবের এই দৃষ্টিভঙ্গি যে নবুওতের মিথ্যা দাবীকারক আপন দাবীর সপক্ষে প্রচার করার পরে ২৩ বছরেরও বেশি আয়ুষ্কাল লাভ করতে পারে তথা আপন উদ্দেশ্যে তারাও সফলতা লাভ করতে পারে- প্রামাণিক যুক্তি ও প্রমাণে এর উত্তর প্রদান করেছেন। তিনি (আ.) এই দৃষ্টিভঙ্গীরও খন্ডন করেছেন এবং দলিল প্রমানাদির মাধ্যমে সাব্যস্ত করেছেন যে এহেন শিক্ষা ইসলামের সম্পূর্ণ পরিপন্থী। তিনি (আ.) আরও বর্ণনা করেছেন যে প্রত্যাদিষ্ট মহাপুরুষদের সফলকাম হওয়া তাদের জন্য খুবই সৌভাগ্যের বিষয়। এটি হল তাদের সফলতার একটি ঐশী নিদর্শন। | তোহ্ফাতুন্ নাদওয়া<br>**Tohfatun Nadwa**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages-27<br>Code-M-110, Price-25/-<br>Stock-346 |
| খিলাফতে সানিয়ার নির্বাচনের প্রাক্কালে জামাতের মুষ্টিমেয় কয়েকজন প্রভাবশালী ব্যক্তিত্ব খিলাফতের কল্যানময় ঐশী ব্যবস্থাপনা অব্যাহত থাকার বিরুদ্ধে সোচ্চার হয়। অথবা যদি খলীফা হয়েও থাকে সেক্ষেত্রে তার অধিকার যেন সীমিত পরিসরে আবদ্ধ থাকে। আপত্তি উত্থাপনকারীদের মধ্যে মৌলবী মুহাম্মদ আলি অগ্রগন্য ছিল। হযরত খলীফাতুল মসীহ সানী বিভিন্ন বক্তৃতায় এ সমস্ত বিরোধিতার মূল কারণগুলি জনসমক্ষে তুলে ধরতে থাকেন। এমন অনেক দেশ যেখানে উর্দু ভাষা সম্পর্কে মানুষ অনভিজ্ঞ সেখানে প্রতিষ্ঠিত জামাতগুলিকে খিলাফতের ব্যবস্থাপনা থেকে বিমুখ করার উদ্দেশে মৌলবী মুহাম্মদ আলি ইংরেজি ভাষায় একটি পুস্তক The Split নামে প্রকাশ করে। এর উত্তরে হযরত মুসলেহ মাওউদ 'আয়নায়ে সাদাকত' নামে একটি গ্রন্থ রচনা করেন। যার মধ্যে তিনি বিরোধিতার প্রতিটি আঙ্গীককে বিশদে তুলে ধরে এর অপনোদন করেছেন। এর ইংরেজি অনুবাদ The Truth about Split নামেও প্রকাশিত হয়েছে। | আহমদীয়াতের পয়গাম<br>**Ahmadiyyat Ka Paigam**<br>by Hazrat Mirza Bashiruddin Mahmood Ahmad Sb<br>P.B,Pages- 48<br>Code-M-111, Price-30/-<br>Stock -897 |
| হযরত মির্যা বশীরুদ্দীন মাহমুদ আহমদ খলীফাতুল মসীহ্ সানী আল মুসলেহুল মাওউদ (রা.) এই পুস্তিকাটির মধ্যে হিন্দু ভাইবোনেদের উদ্দেশ্যে অত্যন্ত আবেগপূর্ণ ভাষায় যুগের ইমামকে চেনার জন্য উদাত্ত আহ্বান জানিয়েছেন। তিনি এই পুস্তিকাটির মধ্যে অতীতের মুনি- ঋষিগণের ভবিষ্যদ্বানী অনুযায়ী বর্তমান যুগে আবির্ভূত যুগাবতার হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী আলায়হেস সালামকে গ্রহণ করে পরমেশ্বরের বিশেষ আশিসের ভাগী হওয়ার আহ্বান জানিয়েছেন। | তিনিই আমাদের কৃষ্ণ<br>**Wahi Hamara Krishan**<br>by Hazrat Mirza Bashiruddin Mahmood Ahmad Sb<br>P.B,Pages- 11<br>Code-M-112, Price-20/-<br>Stock-882 |
| পুস্তিকাটি মওলানা আতাউল মুজিব রাশেদ ইমাম মসজিদ ফযল লন্ডন-এর একটি অনন্যসাধারন বক্তৃতা। যা তিনি ২৭ জুলাই ২০০৩ সালে ইসলামাবাদ (টিলফোর্ড- সারে) তে ৩৭ তম জলসা সালানা যুক্তরাজ্য উপলক্ষ্যে প্রদান করেছিলেন। পুস্তিকাটি নবদিক্ষিত আহমদী এবং আহমদিয়াত সম্পর্কে জ্ঞান পিপাসুদের তৃষ্ণা নিবারনে সক্ষম হবে। | আহমদীয়াত বিশ্বকে কি দিয়েছে?<br>**Ahmadiyyat Ne Duniya Ko Kya Diya?**<br>by Molana Ataul Mujeeb Rashid<br>P.B, Pages- 00, Code-M-113,<br>Price-25/-<br>Stock -698 |







| | |
|---|---|
| তালিম ও তরবিয়ত সংক্রান্ত দুই-তিনটি শব্দের চল্লিশটি নির্বাচিত আহাদীস যা হযরত মীর মোহাম্মদ ইসমাঈল সাহেব সংকলন করেছেন। শিশুদের জন্য এগুলি মুখস্ত করা খুবই কল্যানময় এবং সহজ। নাযারত নশর ও এশায়াত কাদিয়ান খুবই উৎকৃষ্ঠ মানের কাগজে এবং দৃষ্টিনন্দন আকারে পুস্তিকাটিকে প্রকাশ করেছে। আহাদীসের অনুবাদের সাথে সাথে সংক্ষিপ্ত ব্যাখ্যাও রয়েছে। | আরবাঈন- এ- আতফাল<br>**Arbaeen E Atfal**<br>by Hazrat Meer Mohammad Ismail<br>P.B,Pages- 24,Code-M-27<br>Price-15/- |
| হযরত মসীহ মাওউদ আলায়হেস সালাম- এর দাবীসমূহ এবং তাঁর পদমর্যাদা এবং তাঁকে মান্য করার গুরুত্ব কি এই বিষয়ে একটি সংক্ষিপ্ত এবং প্রামাণিক পুস্তিকা হল ‘হযরত মসীহ মাওউদ (আ.)-এর পদমর্যাদা এবং মান্য করার গুরুত্ব ও প্রয়োজনীয়তা’। জামাতের বুনিয়াদি শিক্ষা, বিশ্বাস এবং ইতিহাস সম্বলিত সংক্ষিপ্ত এই পুস্তিকাটি সর্বপ্রথম উর্দূ ভাষায় সংকলিত হয়েছিল। এর বাংলা সংস্করণ কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশ করা হচ্ছে। | হযরত মসীহ্ মাওউদ (আ.)-এর পদমর্যাদা<br>**Hazrat Masih E Maood A.S Ka Maqam Wa Martaba Aur Aap Ko Manne Ki Zaroorat Wa Ahmiyat**<br>by Nazarat Nashro Ishaat Qadian<br>P.B,Pages-22, Code-M-12<br>Price-15/- |
| আঁ হযরত (সা.)-এর সাহাবীগণের মধ্যে একজন অন্যতম সাহাবী ছিলেন হযরত সালমান ফারসী (রা.); যাঁর কাঁধে হাত রেখে তিনি (সা.) শেষ যুগে আগত ইমাম মাহদী সংক্রান্ত ভবিষ্যদ্বানীটি করেছিলেন। হযরত সালমান ফারসী (রা.) ধর্মীয় আবেগ ও উদ্দীপনায় পরিপূর্ণ একজন বুযুর্গ সাহাবী ছিলেন। যিনি একমাত্র ধর্মের খাতিরে নিজ ঘর-বাড়ী আত্মীয়-স্বজন ও নিজ মাতৃভূমি থেকে বিদায় গ্রহণ করেছিলেন। নিশ্চিতরূপে এই মহান সাহাবীর জীবন চরিত আমাদেরকে অনুপ্রাণিত করবে। | হযরত সালমান ফারসী (রা.)<br>**Hazrat Salman Farsi**<br>by Farid Ahmad Naveed<br>P.B,Pages- 19, Code-M-114<br>Price-20/-<br>Stock -742 |
| এই পুস্তকটির মধ্যে প্রতিশ্রুত মসীহ্ ও ইমাম মাহদী হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী আলায়হেস সালাম তাঁর দাবীর সত্যায়নে বিভিন্ন পুস্তক ও রচনাবলীতে যে সমস্ত জায়গায় আল্লাহ্ তাআলার কসম খেয়েছেন সেগুলি খোদাভীরু মানুষদের উদ্দেশ্যে সংকলন করে ‘খোদা কি কসম’ নামে উর্দূ ভাষায় প্রকাশ করা হয়েছিল। যাতে তাঁর দাবীর সত্যায়ন সহজেই উপলব্ধ করা যায়। পুস্তকটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশ করা হচ্ছে। | খোদার কসম<br>**Khuda Ki Qasam**<br>by Rashid Muhammad Alladin<br>P.B,Pages- 46,Code-M-115<br>Price-35/- |
| এই পুস্তকটি আমাদের নেতা ও প্রভু হযরত মুহাম্মদ আরবী (সা.) -এর বর্ণনাকৃত ৯৩ টি আহাদীস এবং এর বাংলা অনুবাদ সংস্করণ। ঐশী অনুরাগ, কুরআন করীমের মাহাত্ম্য, রসূল (সা.) -এর আদর্শ, আরকানে ইসলাম, নৈতিক আচরন, ইসলামি সমাজ ব্যবস্থা এবং শিষ্ঠাচার ইত্যাদি বিষয়াবলীতে আহাদীসের মূল উদ্ধৃতির সাথে অনুবাদ উল্লেখ করা হয়েছে। এগুলির পাঠ এবং অনুসরন নিঃসন্দেহে পাঠককে আত্মসংশোধনে সহায়ক হবে। | বিষয়- ভিত্তিক কতিপয় নির্বাচিত হাদীস - এর সংকলন<br>**Muntahab Ahadees**<br>by Nazarat Nashro Ishaat Qadian<br>P.B, Pages- 94<br>Code-M-116, Price-40/-<br>Stock- 323 |
| নামাজ এবং এর বিস্তারিত বিবরণের উপর ভিত্তি করে সংক্ষিপ্ত অথচ পরিপূর্ণ একটি পুস্তক এটি। আরবী রীতি রেওয়াজ সম্পর্কে অনভিজ্ঞ বিশেষ করে শিশুদের জন্য এর মধ্যে আরবী শব্দাবলী ছাড়াও এর উচ্চারণও বাংলায় তুলে ধরা হয়েছে। সাথে নামায এবং বিভিন্ন দোয়ার আরবী উচ্চারণের সাথে সাথে এর অনুবাদও দেওয়া হয়েছে। ছবির মাধ্যমে শিশুদেরকে নামায সম্পর্কে শিক্ষা দেওয়া হয়েছে। শিশুদের জন্য পুস্তকটি খুবই উপযোগী। ১৯৯৪ সালে ইউ কে-থেকে এর প্রথম সংস্করণ প্রকাশিত হয়েছিল। নাযারত নশর ও এশায়াত এর বাংলা সংস্করণ প্রকাশ করছে। | সালাত- ইসলামী নামাজ শিক্ষা<br>**Salat The Muslim Prayer Book**<br>by Nazarat Nashro Ishaat Qadian<br>P.B,Pages- 96 Code-M-17<br>Price-35/-<br>Stock- 323 |
















| | |
|---|---|
| সংক্ষিপ্ত এই পুস্তিকাটিতে কুরআন মজীদের অনুপম শিক্ষাবলীর আলোকে মুসলিম মহিলার অধিকার সংরক্ষণের প্রতি আলোকপাত করা হয়েছে। একই রকমভাবে তাদের কর্মক্ষেত্রের পরিধি, নিকাহ, বৈবাহিক সম্পর্ক, পারিবারিক এবং সামাজিক পরিকাঠামোয় তাদের অবস্থান ইত্যাদি কুরআন মজীদ এবং আহদীসের আলোকে বর্ণনা করা হয়েছে। পুস্তিকাটি মূল ইংরাজি থেকে প্রথম বার বাংলায় অনুবাদ করা হয়েছে। | ইসলামে নারীর মর্যাদা<br>**Woman In Islam**<br>by Muhammad Zafrullah Khan<br>P.B,Pages- 37,Code-M-117<br>Price-30/-<br>Stock-359 |
| পুস্তক 'সোশাল মিডিয়া' হযরত মির্যা মাসরূর আহমদ (আই.) কর্তৃক প্রদত্ত গুরুত্বপূর্ণ নির্দেশনাবলীর সংকলন। পুস্তকটি সর্ব প্রথম উর্দূ ভাষায় প্রকাশ হয়েছিল। সৈয়্যদনা হুযুর আনোয়ার (আই.)-এর অনুমোদনে পুস্তকটির বাংলা সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। গ্রন্থটি সম্পর্কে হুযুর আনোয়ার বলেন 'সোশাল মিডিয়ার মাধ্যমে বিভিন্ন ভালো জিনিসের পাশাপাশি সারা বিশ্বে অনেক অপকর্মও ছড়িয়ে পড়েছে। তাই, আমাদের লাজনা ও নসেরাতদের এটি খুব সাবধানতার সাথে ব্যবহার করা উচিত। এ প্রসঙ্গে আমি যেসব দিক- নির্দেশনা প্রদান করেছি; আপনাদের সবার এসব মেনে চলা উচিত।' | সোশাল মিডিয়া<br>**Social Media**<br>by Hadhrat Mirza Masroor Ahmad<br>P.B,Pages-118; Code-M-95<br>Price-65/-<br>Stock- 440 |
| 'আরবাঈন' গ্রন্থটি হযরত মসীহ মাওউদ (আ.) ১৯০০ খ্রীষ্টাব্দে উর্দূ ভাষায় প্রনয়ন করেন। বিরুদ্ধবাদীদের বিপক্ষে অকাট্য দলীল প্রমাণ সাব্যস্তের লক্ষ্যে তিনি গ্রন্থটি রচনা করেছিলেন। পবিত্র কুরআন এবং পূর্ববর্তী ধর্মগ্রন্থসমূহের আলোকে মহাপুরুষদের সত্যতা নির্ধারণের মানদন্ড এই অনন্য সাধারণ গ্রন্থে তিনি বর্ণনা করেছেন। সৈয়্যদনা হুযুর আনোয়ার (আই.)-এর নির্দেশনায় গ্রন্থটির বাংলা সংস্করণ কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশ করা হচ্ছে। গ্রন্থটি ধর্মপ্রাণ মানুষকে সত্য অনুধাবন ও গ্রহণের রাস্তা সুপ্রশস্ত করবে। | আরবা'ঈন<br>**Arbaeen**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-157<br>Code-M- 27 , Price- 80/-<br>Stock -456 |
| ১৯০৫ সনে রচিত 'আল-ওসীয়্যত' পুস্তিকাটি খিলাফতের আকারে ঐশী অনুগ্রহের দ্বিতীয় বিকাশের সুসংবাদ প্রদান করে। ইসলামের জন্য একটি চিরন্তন ব্যবস্থাপ্রণালী নির্মাণের লক্ষ্যে একটি সুবিশাল পরিকল্পনার প্রাতিষ্ঠানিক রূপরেখা এবং বেহেশতি মাকবেরা নামে একটি কবরস্থান প্রতিষ্ঠার আনুসঙ্গিক বিবরণ এই পুস্তিকাটির মধ্যে হযরত মসীহ মাওউদ (আ.) বর্ণনা করেছেন। সৈয়্যদনা হুযুর আনোয়ার (আই.)-এর নির্দেশনায় পুস্তিকাটির বাংলা সংস্করণ কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশ করা হচ্ছে। | আল্ ওসীয়্যত<br>**Alwasiyyat**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-55<br>Code-M-207, Price- 40 /-<br>Stock -478 |
| হযরত মসীহ মাওউদ (আ.) এর একটি অসাধারণ প্রবন্ধ হল 'সাচ্চাই কা এযহার'। পুস্তিকাটির বাংলা অনুবাদ হল 'সত্যের প্রকাশ'। প্রবন্ধটি সর্ব প্রথম ১৮৯৩ খ্রীষ্টাব্দে উর্দূ ভাষায় প্রকাশিত হয়েছিল। এই প্রবন্ধে অমৃতসরনিবাসী খৃষ্টধর্মের প্রমুখ পাদরী ডেপুটি আবদুল্লাহ্ আথমের মোবাহেসা 'জঙ্গে মকদ্দস'-এ পরাজিত হওয়ার ক্ষেত্রে ইসলাম গ্রহণ করার অঙ্গীকারপত্রটির উল্লেখ রয়েছে। সৈয়্যদনা হুযুর আনোয়ারের নির্দেশনায় প্রবন্ধটির বাংলা অনুবাদ 'সত্যের প্রকাশ' নামে কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। | সত্যের প্রকাশ<br>**Sachhai ka Ezhar**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-28<br>Code-M- 384 ,Price-25 /-<br>Stock- 467 |
| পুস্তক 'পয়গামে সুলেহ' (শান্তির বার্তা) হযরত মসীহ মাওউদ (আ.)- এর একটি অনন্য সাধারণ বক্তৃতা যা তাঁর মৃত্যুর মাত্র দুই দিন আগে ১৯০৮ খ্রীষ্টাব্দে তিনি (আ.) রচনা করেছিলেন। বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সাংগঠনিক চেতনা, একতা, প্রেম এবং সম্পীতি বোধ তৈরীর আন্তরিক বাসনা নিয়ে তিনি এই প্রবন্ধটি রচনা করেছিলেন। এই পুস্তকটি দুইটি সম্প্রদায়ের মধ্যে ক্রমবর্ধমান ফাটলকে দূর করার কাজ করবে। পূর্বের চেয়ে বেশি এই যুগে পারস্পরিক বিদ্বেষ দূর করে সাম্প্রদায়িক সম্প্রীতি স্থাপন করতে হবে। এই কামনায় নাযারত নশর ও এশায়াত কাদিয়ান পুস্তকটির বাংলা সংস্করণ সৈয়্যদনা হুযুর আনোয়ার (আই.) -এর সদয় অনুমোদনে কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশ করার সৌভাগ্য অর্জন করছে। | শান্তির বার্তা<br>**Paigam e Suleh**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-63<br>Code-M-385 , Price- 45/-<br>Stock- 461 |












| | |
|---|---|
| ‘খিলাফতের মহান মর্যাদা ও গুরুত্ব এবং তার কল্যাণ- যুগ খলীফার প্রতি ভালোবাসা ও আনুগত্য এবং আমাদের দায়িত্ব ও কর্তব্য’-নাম করণেই স্বার্থকতা প্রবন্ধটির। খিলাফতের সুমহান মর্যাদা এবং তার কল্যাণরাজির প্রেক্ষাপটে আমাদের উপর অর্পিত দায়িত্ব সম্পর্কে সচেতন করার মানসে নাযারত নশর ও এশায়াত কাদিয়ান কুরআন, আহাদীস নববী এবং হযরত মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম-এর নির্দেশনাবলীর আলোকে এই পুস্তিকাটি প্রস্তুত করেছে। জামাতের সকল সদস্যের জন্য পুস্তিকাটি অপরিহার্য। পুস্তিকাটির বাংলা অনুবাদ প্রকাশিত হয়েছে। | খিলাফতের মহান মর্যাদা ও গুরুত্ব<br>**Khilafat ka azemusshan Maqam wa Martaba, uski barkat, Khalifay waqt ki muhabbat wa aitayat aur hamari zimmadariyan**<br>by Nazarat Nashro Ishaat Qadian<br>P.B,Pages-62, Code-M-386<br>Price-40/-<br>Stock -495 |
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এই পুস্তকটি ২১ ফেব্রুয়ারি ১৮৯৯ খ্রিষ্টাব্দে রচনা করেছিলেন। উম্মতে মুহাম্মদীয়াতে আগমনকারী মাহদী সম্পর্কে তিনি এ পুস্তকটিতে নিজ বিশ্বাস সম্পর্কে বর্ণনা করেছেন। যাতে মাহদী সম্পর্কে সঠিক বিশ্বাস উপস্থাপনের মাধ্যমে সকল ভুল ভ্রান্তির অবসান ঘটে। সৈয়্যদনা হুযুর আনোয়ারের সদয় অনুমোদনে পুস্তকটির বাংলা অনুবাদ কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশ করা হচ্ছে। | হাকীকাতুল মাহদী<br>**Haqiqatul Mahdi**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 57, Code-M- 387,<br>Price-35 /-<br>Stock -409 |
| এই সংক্ষিপ্ত পুস্তিকাটিতে সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম পবিত্র কুরআন মজীদ এবং আহাদীসের আলোকে খতমে নবুওয়ত-এর বাস্তবিকতা এবং খাতামান্নবীঈন (সা.)-এর সুমহান মর্যাদা এবং কল্যাণরাজির উল্লেখ করে নবী কাকে বলে এবং তিনি কি প্রকারে এবং কেন নবী আখ্যায়িত হয়েছেন - তা স্পষ্ট করেছেন। সৈয়্যদনা হুযুর আনোয়ারের সদয় অনুমোদনে পুস্তকটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশিত হয়েছে। | একটি ভুল সংশোধন<br>**Ek Ghalati ka Ezala**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B,Pages-20, Code-M-388<br>Price- 20 /-<br>Stock -522 |
| পুস্তিকাটি বৈবাহিক বন্ধন সম্পর্কিত হযরত খলীফাতুল মসীহ আল্ খামেস (আই.)-এর দুটি গুরুত্বপূর্ণ খুতবা জুমআর সংকলন। যা নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে হুযুর আনোয়ারের সদয় অনুমোদনে প্রকাশিত হয়েছিল। খুতবা দুইটির বাংলা অনুবাদ কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশ করা হচ্ছে। জামাতের আপামর সদস্যের উত্তম তরবিয়তের জন্য পুস্তিকাটি নিঃসন্দেহে অপরিহার্য। | রিশ্‌তানাতা সম্পর্কিত হযরত খলীফাতুল মসীহ (আই)-এর দুটি গুরুত্বপূর্ণ খুতবা<br>**Ristanata ke barah mein Hadhrat Khalifatul Masih atba ke do aham khutbat**<br>by Nazarat Nashro Ishaat Qadian<br>P.B,Pages-38, Code-M-389<br>Price-   /- |
| ‘খিলাফত শান্তি ন্যায়বিচার’ পুস্তিকাটি ৮ নভেম্বর ২০১৪ সালে লন্ডনের মসজিদ বায়তুল ফুতুহ্-তে অনুষ্ঠিত শান্তি সম্মেলনে প্রদত্ত হযরত খলীফাতুল মসীহ আল্ খামেস (আই.)-এর ভাষনটির বাংলা অনুবাদ। উক্ত অনুষ্ঠানে এক হাজারেরও বেশি সম্মানীয় পদাধিকারী এবং শহরের প্রশাসনিক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উক্ত ভাষনে হুযুর আনোয়ার দ্ব্যর্থহীন ভাষায় বিভিন্ন চরমপন্থী সংগঠনগুলির কার্যকলাপকে ইসলামবিরোধী বলে ঘোষনা করেন। | খিলাফত শান্তি ন্যায়বিচার<br>**Khilafat Peace & Justice**<br>by Hadhrat Mirza Masroor Ahmad<br>P.B,Pages-18, Code-M-390<br>Price- 25/-<br>Stock 500 |













| | |
|---|---|
| ২০১৬ সালে লন্ডনে অনুষ্ঠিত ১৩তম বার্ষিক শান্তি সম্মেলনে প্রদত্ত হযরত খলীফাতুল মসীহ আল্ খামেস (আই.)-এর ভাষনটির বাংলা অনুবাদ। উক্ত অনুষ্ঠানে প্রদত্ত ভাষনে সৈয়্যদনা হুযুর আনোয়ার উপস্থিত অভ্যাগতদের সামনে ইসলামের অনিন্দ্য সুন্দর শিক্ষা তুলে ধরে বর্ণনা করেন যে ইসলামের প্রকৃত শিক্ষা - সততা ও শান্তি এগুলি থেকে দূরে থাকার কারণে বর্তমানে পৃথিবীতে নৈরাজ্য ও অশান্তি দেখা দিচ্ছে। সকল শ্রেণীর মানুষ যাতে নিজ নিজ দায়িত্ব পালনে সচেষ্ট হয় হুযুর সবাইকে এ দিকে সবিশেষ দৃষ্টি আকর্ষন করেছেন। | হযরত মুহাম্মদ (সা.)-এর দৃষ্টিতে সন্ত্রাসবাদ কখনই সমর্থনযোগ্য নয়<br>**Terrorism Was Never Justified By Prophet Muhammad**<br>by Hadhrat Khalifatul Masih V[aba]<br>P.B, Pages-23<br>Code-M-391, Price-20 /-<br>Stock-994 |
| এই পুস্তকে হুযুর (আ.) আবদুল্লাহ্ জেমস্ নামক জনৈক খ্রীষ্টানের তিনটি প্রশ্নের বিশদে উত্তর প্রদান করেছেন। প্রশ্নগুলি ছিল- ১- ইসলামের নবী (সা.) কি তাঁর নবুওত সম্পর্কে কোনরূপ সন্দেহ দ্বিধা দ্বন্দ্বের মধ্যে ছিলেন? ২- তিনি (সা.) কি কোন অলৌকিক নিদর্শন দেখিয়েছিলেন? ৩- তিনি (সা.) কি অদৃশ্যের জ্ঞান সম্পর্কে জ্ঞাত ছিলেন? | একজন খ্রীষ্টানের তিনটি প্রশ্নের উত্তর<br>**Ek Esai ke teen Sawalon ke Jawab**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani.s<br>P.B,Pages-80, Code-M-397 Price- 40/-<br>Stock -984 |
| পঞ্চম খিলাফতের শুরু থেকে ২০১৭ সাল পর্যন্ত নির্বাচিত খুতবা জুমআ, বার্তা, ক্লাস, অধিবেশন এবং মজলিশ আমেলার বৈঠকে হযরত খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) প্রদত্ত মূল্যবান দিকনির্দেশনা এবং উপদেশাবলীর সংকলন গ্রন্থটিকে সৌন্দর্যায়িত করেছে। গ্রন্থটি বিশেষ করে আহমদী মহিলাদের জন্য লাভদায়ক হয়ে উঠবে। এটির অধ্যয়ন তাদেরকে ইসলামি দৃষ্টিকোণ থেকে পর্দার গুরুত্ব সম্পর্কে জ্ঞাত করে জ্ঞানের উচ্চাসনে আসীন করতে সক্ষম হবে। গ্রন্থটি শুধু মহিলাদেরই নয়, পুরুষদেরও পবিত্রতা অর্জন এবং দৃষ্টির সচেতনতা সম্পর্কে কুরআনের নির্দেশাবলী সম্পর্কে দৃষ্টি আকর্ষন করেছে। যেগুলি নিষ্ঠার সাথে আমল করলে সমাজ এবং পরিবেশ দৃষ্টিনন্দন হয়ে উঠবে। | পর্দা<br>**Parda**<br>by Hadhrat Khalifatul Masih V[aba]<br>P.B, Pages-195 Code-M- 396, Price-80 /-<br>Stock- 1020 |
| গ্রন্থটি সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম রচিত 'মসীহ্ হিন্দুস্তান মেঁ'-র বাংলা অনুবাদ। গ্রন্থটিতে হযরত মসীহ মাওউদ (আ.) কুরআন মজীদ, আহাদীস, ঐতিহাসিক গ্রন্থাবলী, বাইবেল এবং অন্যান্য ধর্মের গ্রন্থগুলিসহ ইসলামি সাহিত্য এবং পুরাতাত্ত্বিক গবেষণা ইত্যাদির উপর ভিত্তি করে হযরত মসীহ নাসেরীর ক্রুশবিদ্ধ হওয়ার ঘটনা এবং তৎপরবর্তিতে কাশ্মীরের দিকে তাঁর হিজরত করে আসা অতঃপর সেখানে তাঁর মৃত্যুবরণ ইত্যাদি সংক্রান্ত পরিপূর্ণ বিবরণ তুলে ধরেছেন। এশিয়া উপমহাদেশের বহু গবেষক তাঁর এই গবেষণাধর্মী গ্রন্থটিকে ভিত্তি করে বহু পুস্তক রচনা করেছেন এবং নিজেদের রচনায় এই গ্রন্থটির উল্লেখ করেছেন। গ্রন্থটি জ্ঞানপিপাসু পাঠককুলের তৃষ্ণা নিবারণের সাথে সাথে ঐতিহাসিক সাক্ষ্যপ্রমাণাদির আকর হয়ে উঠতে সক্ষম। সৈয়্যদনা হুযুর আনোয়ারের সদয় অনুমোদনে গ্রন্থটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশিত হয়েছে। | মসীহ্ হিন্দুস্তান মেঁ- ভারতবর্ষে ঈসা (আ.)<br>**Masih Hindusthan Main**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani.s<br>P.B,Pages-127, Code-M-395, Price- 115/-<br>Stock-514 |
| 'ইসলামী নীতি দর্শন' গ্রন্থটি সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম-এর একটি যুগান্তকারী রচনা। যা লাহোরে অনুষ্ঠিত একটি সর্ব ধর্ম সমন্বয় সভায় ইসলাম ধর্মের পক্ষ থেকে পাঠ করা হয়েছিল। গ্রন্থটি পাঠ করার পূর্বেই মহান আল্লাহ্ তাআলার পক্ষ থেকে সুসংবাদ প্রদান করা হয়েছিল যে "নিবন্ধটি উচ্চ প্রশংসিত"। জলসার ব্যবস্থাপকদের পক্ষ থেকে নির্ধারিত পাঁচটি প্রশ্নের উত্তর বিভিন্ন ধর্মের প্রতিনিধিরা তাদের স্বকীয় ধর্মের গ্রন্থ থেকে দেওয়ায় বাধ্য ছিল। সেক্ষেত্রে উক্ত প্রশ্নগুলির একমাত্র সঠিক এবং প্রকৃত উত্তর এই নিবন্ধেই তুলে ধরা হয়েছিল, যা উপস্থিত অভ্যাগতদের দ্বারা স্বীকৃতি লাভ করে। সৈয়্যদনা হুযুর আনোয়ারের সদয় অনুমোদনে গ্রন্থটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথম বার প্রকাশিত হয়েছে। | ইসলামি নীতি দর্শন<br>**Islami Usool ki Philosophy**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani.s<br>P.B,Pages-190, Code-M-394<br>Price- 80 /-<br>Stock -1015 |











| | |
|---|---|
| এই পুস্তকে একজন ইমামের প্রয়োজনীয়তা এবং আল্লাহ্ তাআলার পক্ষ থেকে আগত পথ প্রদর্শকের বৈশিষ্ট্যগুলির উপর বিশদে আলোকপাত করা হয়েছে। সেই সাথে একজন সৌভাগ্যবান ঐশী বাণী প্রাপকরূপে যে যে গুণবাবলী লেখকের মধ্যে বিদ্যমান সেগুলিরও সবিস্তার বর্ণনা করা হয়েছে। | জরুরতুল ইমাম- ইমামের আবশ্যকতা<br>**Zaroorat ul Imam**<br>by by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B,Pages-73 Code-M-393<br>Price- 40 /-<br>Stock-332 |
| সৈয়্যদনা হযরত মির্যা নাসের আহমদ খলীফাতুল মসীহ্ সালেস (রহ.) খিলাফতের আসনে সমাসীন হওয়ার পর ইউরোপ এবং আফ্রিকার প্রথম সফরকালে ২৮ জুন ১৯৬৭ ইং সালে লন্ডনের ওয়ান্ডসওয়ার্থ টাউন হলে একটি অনন্যসাধারণ বক্তৃতা উপস্থাপন করেন। যার মধ্যে তিনি হযরত মসীহ্ মাওউদ আলায়হেস সালামের ভবিষ্যদ্বাণীগুলির আলোকে বিশ্বব্যাপী ধ্বংসলীলা, ভূমিকম্প এবং আসন্ন যুদ্ধ থেকে সতর্ক করেছেন। এছাড়া হযরত মসীহ মাওউদ (আ.)-এর আগমনের উদ্দেশ্য বর্ণনা করে মানব জাতির প্রতি শান্তির বার্তা 'একটি শান্তির বাণী এবং এক হুঁশিয়ারী' এই শিরোনামে বক্তব্য প্রদানের মাধ্যমে তুলে ধরেছেন। ২৮ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তিকাটির বর্তমান বাংলা সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। | একটি শান্তির বাণী এবং এক হুঁশিয়ারী<br>**A message of peace & A word of warning**<br>by Hadhrat Khalifatul Masih IIIrd[th]<br>P.B, Pages-28,<br>Code-M-400, Price- 30 /-<br>Stock -520 |
| সৈয়্যদনা হযরত খলীফাতুল মসীহ আল খামেস (আই.) কর্তৃক বিভিন্ন খুতবা, বক্তব্য, জুমআর খুতবা এবং বিভিন্ন দেশে হওয়া জলসা সালানা, ইজতেমা এবং লাজনাদের উদ্যেশ্যে প্রদত্ত ভাষণে দৈনন্দিন জীবনে উদ্ভূত সমস্যাবলীর সুষ্ঠ সমাধান ইসলামি শিক্ষাবলীর আলোকে খুবই প্রজ্ঞাপূর্ণ ভাবে তুলে ধরেছেন। একটি সুস্থ পারিবারিক জীবনের জন্য অপরিহার্য এই গ্রন্থটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশ করা হয়েছে। | পারিবারিক সমস্যাবলী ও এর সমাধান<br>**Aaili Masail aur unka Hal**<br>by Hadhrat Khalifatul Masih V<br>P.B,Pages-193, Code-M-398<br>Price-90 /-<br>Stock -530 |
| ৬ই জুন ২০১৫ সালে লন্ডনে অনুষ্ঠিত ৪০তম বার্ষিক কনভেনশনে প্রদত্ত হযরত খলীফাতুল মসীহ আল্ খামেস (আই.)-এর ভাষনটির বাংলা অনুবাদ। উক্ত অনুষ্ঠানে প্রদত্ত ভাষনে সৈয়্যদনা হুযুর আনোয়ার উপস্থিত ১০০০ এর বেশি অ- আহমদী অভ্যাগতদের সামনে ইসলামের অনিন্দ্য সুন্দর শিক্ষা তুলে ধরে বর্ণনা করেন যে ইসলামের প্রকৃত শিক্ষা - সততা ও শান্তি এগুলি থেকে দূরে থাকার কারণে বর্তমানে পৃথিবীতে নৈরাজ্য ও অশান্তি দেখা দিচ্ছে। হুযুর আনোয়ার বলেন; কাদিয়ান নিবাসী হযরত মির্যা গুলাম আহমদ (আ.)-কে ইসলামের প্রকৃত ও শান্তিপূর্ণ শিক্ষাকে পুনরুজ্জীবিত করার জন্য আল্লাহ্ তাআলা প্রেরণ করেছেন। | ইসলামের খলীফা<br>**Khalifa Of Islam**<br>by Hadhrat Khalifatul Masih V<br>P.B,Pages-16, Code-M-399<br>Price- 30/-<br>Stock -520 |
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এই পুস্তিকায় তাঁর অনন্য সংস্কারের কিছু মৌলিক বিষয়ে আলোকপাত করেছেন এবং আহমদী এবং গয়ের-আহমদীতে পার্থক্যের দু'টো দিককে অতি স্পষ্ট ও গুরুত্ব সহকারে তুলে ধরেছেন। যুগের নেতা হিসাবে তিনি নানা বিদাতের মূলোৎপাটনে প্রয়াসী হয়েছেন। পুস্তকটির মাধ্যমে আহমদীয়া জামা'ত সম্পর্কে অযথা সৃষ্ট নানা বিভ্রান্তির অবসান ঘটবে। | আহমদী ও গয়ের আহমদীতে পার্থক্য<br>**Ahmadi Aur Ghair Ahmadi Mein Farq**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani[as]<br>P.B, Pages- 16<br>Code-M-19, Price-20/- |

## Newly Published Bengali Books from Nazarat Nashr o Isha'at Qadian





| | |
|---|---|
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এর একটি অনন্য সাধারণ পুস্তক হল বারাকাতুদ দোয়া (দোয়ার কল্যানসমূহ)। পুস্তকটির মধ্যে তিনি দোয়ার বাস্তবতা, গুরুত্ব এবং এর কল্যানসমূহ, সেই সাথে দোয়া গ্রহনীয়তার মর্যাদালাভের ক্ষেত্রে আবশ্যিক শর্তাবলী সবিস্তারে বর্ণনা করেছেন। তাছাড়া দোয়ার বিষয়ে মুসলমানদের মধ্যে বিদ্যমান ভ্রান্ত ধারণাগুলির অপনোদনও এই পুস্তকে তিনি করেছেন। ৭৮ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তকটির বর্তমান বাংলা সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। | বারাকাতুদদোয়া<br>**Barkat ud Dua**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B,Pages-78, Code-M-420 Price-45/- |
| এই সংক্ষিপ্ত পুস্তিকাটিতে হযরত মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম সহজাত গুণাবলীর মাপকাঠিতে বিভিন্ন ধর্মের তুলনামূলক বর্ণনার রেখাঙ্কণ করেছেন। বিশেষ করে আর্য, খ্রীষ্টান ও ইসলাম ধর্মে বর্ণিত খোদা তাআলা সম্পর্কিত শিক্ষামালার বর্ণনা করে তিনি বলেন, প্রকৃত ও স্বভাবজ বিশ্বাস হল সেটা যা ইসলাম উপস্থাপন করে থাকে। এভাবে তিনি অন্যান্য ধর্মের উপর ইসলাম ধর্মের শ্রেষ্ঠত্ব প্রমাণ করেছেন। নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে পুস্তকটির বাংলা অনুবাদ প্রথমবার প্রকাশ করা হচ্ছে। | মেয়ারুল মাযাহেব<br>**Miyarul Mazahib**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B,Pages-40, Code-M-418<br>Price- 35 /- |
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম রচিত এই পুস্তকটি ১৮৯৩ খ্রীষ্টাব্দে উর্দু ভাষায় প্রকাশিত হয়। এই পুস্তটির মাধ্যমে তিনি ইসলাম ধর্মের প্রতিপক্ষতায় খ্রীস্ট ধর্মের আলেম সম্প্রদায়কে আমন্ত্রণ জানান এবং সত্য ও মিথ্যা ধর্মের মাঝে মীমাংসাকরণের পন্থা এই পুস্তকে উল্লেখ করেন। নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে পুস্তকটির বাংলা অনুবাদ প্রথমবার প্রকাশ করা হচ্ছে। | হুজ্জাতুল ইসলাম<br>**Hujjatul Islam**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-43, Code-M-419<br>Price- 35/- |
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এর আরবী ভাষায় 'তোহফায়ে বাগদাদ' (বাগদাদবাসীদের জন্য একটি উপহার) নামক অনন্য সাধারণ পুস্তকটি মহররম ১৩১১ হিজরী সনে প্রথমবার প্রকাশিত হয়। পুস্তকটিতে তিনি স্বীয় দাবী, মসীহ্ নাসরীর মৃত্যুর প্রমাণ, এবং উম্মতে মুহাম্মদিয়ার মধ্যে ঐশী বার্তালাপ এবং মোজাদ্দেদের ধারা অব্যাহত- ইত্যাদি বিষয়ে বিশেষভাবে আলোকপাত করেছেন। সৈয়্যদনা হযরত খলিফাতুল মসীহ্ আল খামেস (আই.) এর সদয় অনুমোদনে পুস্তকটির প্রথম বাংলা সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশ করা হচ্ছে। | তোহফায়ে বাগদাদ<br>**Tohfa e Baghdad**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-66, Code-M-422 Price- 40/- |
| সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম রচিত এই পুস্তকটি ১৮৯৫ খ্রীষ্টাব্দে উর্দু ভাষায় প্রকাশিত হয়। এ পুস্তকে হযরত মসীহ্ মাওউদ (আ.) আল্লাহ্ প্রদত্ত ঐশী ও জীবন্ত কিতাবের কি বৈশিষ্ট্যাবলী থাকা উচিত এ বিষয়ে আলোকপাত করেন। পাশাপাশি অন্যান্য ধর্মাবলম্বীদের-বিশেষ করে হিন্দু ও খৃষ্ট ধর্মাবলম্বীদেরকে তাদের কিতাব বেদ ও ইঞ্জিলের সপক্ষে দলিল প্রমাণ উপস্থাপনের আহ্বান জানান। নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে পুস্তকটির বাংলা অনুবাদ প্রথমবার প্রকাশ করা হচ্ছে। | নূরুল কুরআন<br>(আল্ কুরআনের জ্যোতি)<br>**Noorul Quran (No. 1)**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-61, Code-M-423, Price- 40/- |















হযরত মসীহ্ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এর অবিস্মরণীয় লেখনী হতে হিন্দু ধর্ম ও এর পথ প্রদর্শক যুগাবতারদের প্রশংসায় বর্ণিত অনুচ্ছেদগুলি একত্রিত করে পুস্তিকাকারে প্রকাশ করা হচ্ছে। 'মহারাজা শ্রী রামচন্দ্র, মহারাজা শ্রীকৃষ্ণ এবং বেদ সম্পর্কে আহমদীয়া মুসলিম জামা'তের পবিত্র প্রতিষ্ঠাতা হযরত মির্যা গোলাম আহমদ (আ.) এর বাণী' শিরোনামে উর্দুতে মাওলানা হামীদ কাওসর সাহেব নাযির দাওয়াত এ ইলাল্লাহ্ মারকাযিয়া কাদিয়ান সংক্ষিপ্ত এই পুস্তিকাটি সংকলন করেছেন। পুস্তিকাটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হচ্ছে ।

মহারাজা শ্রী রামচন্দ্র, মহারাজা শ্রীকৃষ্ণ এবং বেদ সম্পর্কে আহমদীয়া মুসলিম জামা'তের পবিত্র প্রতিষ্ঠাতা হযরত মির্যা গোলাম আহমদ (আ.) এর বাণী

**Hazrat Ram Chandar Ji Maharaj, Hazrat Krishan Ji Maharaj or Wed ke mutalik Bani Jama't Ahmadiyya k Irshadat**

by Moulana Hameed Kousar
P.B,Pages-26, Code-M-417
Price- 30/-Stock -549

সৈয়্যদনা হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এই পুস্তকটি ১৮৯০ খ্রীষ্টাব্দে উর্দু ভাষায় প্রণয়ন করেছিলেন। পুস্তকটিতে হযরত মসীহ্ মাওউদ (আ.) ঘোষণা করেছেন হযরত মুহাম্মদ মুস্তফা সল্লাল্লাহু আলায়হে ওয়া সাল্লাম এর ভবিষ্যদ্বাণী অনুযায়ী তিনিই সেই ব্যক্তি যাকে যথাসময়ে মানুষের সংস্কারের জন্য পাঠানো হয়েছে যাতে ধর্মকে সজীবতার সাথে মানুষের হৃদয়ে প্রতিষ্ঠিত করা যায়। নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে পুস্তকটির বাংলা অনুবাদ প্রথমবার প্রকাশ করা হচ্ছে।

ফতেহ্ ইসলাম
(ইসলামের বিজয়)

**Fath e Islam)**

by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as
P.B, Pages-78, Code-M-, Price- 40/-

'ইসলামি নামায' পুস্তিকাটির উর্দু সংস্করণের বাংলা অনুবাদ প্রকাশ করা হচ্ছে। পুস্তিকাটির মধ্যে নামায ছাড়াও মাসনুন দোয়া, নিকাহ্‌র খুতবা এবং জানাযার নামায ইত্যাদিকেও অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে নিজ নিজ চাহিদা অনুযায়ী পাঠক পুস্তিকাটি থেকে উপকৃত হতে পারে। নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে পুস্তকটির বাংলা অনুবাদ প্রথমবার প্রকাশ করা হচ্ছে।

অনুবাদসহ নামায

**Namaz Mutarjam**

by Nazarat Nashr o Isha'at Qadian
P.B, Pages-61,
Code-M-, Price- 40/-

'ইসলামের অনন্য সাধারণ বৈশিষ্ট্যাবলী'- সৈয়্যদনা হযরত মির্যা তাহের আহমদ খলীফাতুল মসীহ রাবে (রাহে.) কর্তৃক অস্ট্রেলিয়ার ক্যানবেরা বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত একটি ঐতিহাসিক বক্তৃতা। বক্তা তাঁর এই গবেষণামূলক প্রবন্ধটিতে ইসলামের স্বতন্ত্র অনন্য সাধারণ বৈশিষ্ট্যগুলি বর্ণনা করেছেন। তিনি যুক্তি সহ প্রমাণ উপস্থাপন করেছেন যে ইসলামী শিক্ষা শুধুমাত্র সার্বজনীন ও শাশ্বত নয় বরং সম্পূর্ণ, ব্যাপক ও নিখুঁত, এবং পবিত্র কুরআন হল আল্লাহ্‌র চূড়ান্ত ও অপরিবর্তনীয় বাণী যা মানুষের যাবতীয় সন্দেহ-সংশয় থেকে মুক্ত; এবং ইসলামের পবিত্র প্রতিষ্ঠাতা, মহানবী হযরত মুহাম্মদ (সা.) হলেন নবীগণের সীলমোহর ও তাঁদের মধ্যে সর্বোত্তম এবং মানবজাতির জন্য সর্বোত্তম আদর্শ। ৪০ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তিকাটির বর্তমান বাংলা সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে।

ইসলামের অনন্য সাধারণ বৈশিষ্ট্যাবলী

**Some distinctive features of islam**



by Hadhrat Khalifatul Masih IV[th]
P.B, Pages-40,
Code-00, Price-35/-
Stock-500

'ইসলামী শিক্ষার আলোকে প্রকৃত শান্তি'- সৈয়্যদনা হযরত মির্যা মাসরূর আহমদ খলীফাতুল মসীহ আল খামেস (আই.) কর্তৃক প্রদত্ত একটি ঐতিহাসিক বক্তৃতা। জলসা সালানা জার্মানি ২০২২-এর সমাপনী অধিবেশন উপলক্ষ্যে হুযুর আনোয়ার অন্তর্দৃষ্টিপূর্ণ ও দৃষ্টি-বিকাশক এই ভাষণটি প্রদান করেছিলেন, যেখানে তিনি শান্তি প্রতিষ্ঠায় ইসলামের অনুপম বৈশিষ্ট্যগুলির আলোকে বিশ্ববাসীকে আলোকিত করতে সচেষ্ট হয়েছেন। এই ভাষণে তিনি খোদার সাথে নিবিড় সম্পর্ক স্থাপনের মাধ্যমে এ ধরাপৃষ্ঠকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার উদ্দেশ্যে বিশ্বের দৃষ্টি আকর্ষণ করেছেন। ২৯ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তিকাটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে।

ইসলামী শিক্ষার আলোকে প্রকৃত শান্তি

**Haqeeqi Aman Islami Taleemat ki Roshni mai (Bengali)**

by Hazrat Khalifatul Masih V[th]
P.B, Pages-29,
Code-M-428, Price-25/-
Stock-1000

| | |
|---|---|
| ‘খ্রিস্টান সিরাজ উদ্দীনের চারিটি প্রশ্নের উত্তর’ - সৈয়্যদনা হযরত মসীহ্ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এর এই পুস্তকটি ২২ জুন ১৮৯৭ খ্রিস্টাব্দে রচিত ও প্রকাশিত হয়। এই পুস্তকে যীশু সম্পর্কিত আলোচনা আহমদীয়া মুসলিম জামা’তের প্রতিষ্ঠাতা খ্রিস্টানদের প্রচলিত ও খ্রিস্ট ধর্ম বিশ্বাস ও প্রচলিত বাইবেল অনুযায়ী করেছেন। ইসলাম, ইহুদী ও খ্রিস্ট ধর্ম সম্পর্কে মৌলিক প্রশ্নাবলীর তুলনামূলক ও গবেষণাপূর্ণ এই পুস্তকটি পাঠ করে প্রত্যেকেই প্রকৃত সত্য উপলব্ধি করে উপকৃত হবেন। ৭১ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তকটির বাংলা সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। | খ্রিস্টান সিরাজ উদ্দীনের চারিটি প্রশ্নের উত্তর<br>**Sirajuddin Isai ke char sawalon ka jawab (Bengali)**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-71,<br>Code-M-000, Price-00/-<br>Stock-000 |
| ‘সিরাতুল আবদাল’ (আধ্যাত্মিক মহাপুরুষদের জীবন চরিত) - সৈয়্যদনা হযরত মসীহ্ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এর এই পুস্তিকাটি ১৯০৩ সনে আরবী ভাষায় প্রকাশিত হয়। এই পুস্তিকার মধ্যে হযরত মসীহ্ মাওউদ (আ.) ঐশী প্রত্যাদিষ্ট ও প্রেরিতগণের মহান গুণাবলী, তাঁদের উত্তম চরিত্র ও কল্যাণ সম্পর্কে সবিস্তার বর্ণনা করেছেন। পুস্তিকাটি আরবি ভাষার একটি অনন্য রচনা, যা তাঁর বাগ্মীতা, শৈলী, উচ্চাঙ্গীন শব্দ ও অর্থের আঙ্গিকে অতুলনীয়। ৩৭ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তকটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। | সিরাতুল আবদাল<br>**Seeratul Abdal (Bengali)**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-37,<br>Code-M-000, Price-35/-<br>Stock-500 |
| ‘নিশানে আসমানী’ (ঐশী নিদর্শনাবলী) যার অন্য নাম ‘শাহাদাতুল মুলহামীন’ সৈয়্যদনা হযরত মসীহ্ মাওউদ ও ইমাম মাহদী আলায়হেস সালাম এর একটি গুরুত্বপূর্ণ রচনা। পুস্তিকাটি তিনি ১৮৯২ খ্রিস্টাব্দের মে মাসের শেষের দিকে রচনা করেছিলেন। যা জুন ১৮৯২ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়। হুযূর (আ.) এর জীবদ্দশায় পুস্তিকাটি ১৮৯৬ খ্রিস্টাব্দে পুনরায় প্রকাশিত হয়েছিল। এই পুস্তিকায় তিনি (আ.) গোলাব শাহ্ এবং শাহ নিয়মাতুল্লাহ্ (রাহ.)’র ভবিষ্যদ্বাণীর উল্লেখ করেছেন যেগুলি থেকে তাঁর দাবির সত্যতা প্রমাণিত হয়। ১০০ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তিকাটির বাংলা অনুবাদ সংস্করণ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। | নিশানে আসমানী<br>**Nishan e Asmani (Bengali)**<br>by Hadhrat Mirza Ghulam Ahmad Qadiani as<br>P.B, Pages-100,<br>Code-M-000, Price---/-<br>Stock-500 |
| ১৯৯১ সালের ২৮ শে ডিসেম্বর কাদিয়ানের শতবার্ষিকী জলসা সালানা উপলক্ষ্যে সৈয়্যদনা হযরত খলীফাতুল মসীহ্ রাবে (রাহে) প্রদত্ত অন্তর্দৃষ্টিপূর্ণ ও ঐতিহাসিক সমাপনী ভাষণটি একটি পুস্তিকা আকারে প্রকাশ করা হচ্ছে। এই ভাষণে সৈয়্যদনা হযরত আকদাস আমীরুল মু’মিনীন খলীফাতুল মসীহ্ রাবে (রাহে.) জাতীয় ঐক্য ও শান্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করেছেন যাতে আমাদের দেশে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল সম্প্রদায়ের মানুষ এই অমূল্য পরামর্শ অনুসরণ করে সাম্প্রদায়িক সম্প্রীতির এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করতে পারে। ৭৯ পৃষ্ঠা স স্বলিত এই পুস্তিকাটির বাংলা অনুবাদ নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হয়েছে। | জাতীয় সংহতি ও উন্নয়নের আন্তরিক আহ্বান<br>**Ittehad aur quomi taraqqi ke liye pur khuloos dawat (Bengali)**<br>by Hazrat Khalifatul Masih IV[th]<br>P.B, Pages-79,<br>Code-M-000, Price---/-<br>Stock-500 |
| মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর ভবিষ্যদ্বাণী অনুযায়ী এ যুগে আগমনকারী প্রতিশ্রুত মসীহ্ ও ইমাম মাহ্দী হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী (আ.) এর সত্যতার এক অসাধারণ নিদর্শন হল একই রমযান মাসে চন্দ্র ও সূর্য গ্রহণের ঘটনা। দাবিকারকের উপস্থিতিতে ১৮৯৪ সালে সংঘটিত অভূতপূর্ব এই নির্দশনের মাধ্যমে জগদ্বাসী তাঁর সত্যতা চাক্ষুষ করে। মহান এই ঐশী নিদর্শনের পরিপূর্ণতার আলোকে রচিত অনন্য সাধারণ এই পুস্তকটির বাংলা অনুবাদ সৈয়্যদনা হযরত খলিফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) এর সদয় অনুমোদনে নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রথমবার প্রকাশিত হচ্ছে। | হযরত ইমাম মাহ্দী (আ.) এর আগমন ও চন্দ্র-সূর্য গ্রহণ<br>**Advent of Promised Messiah and Eclipse (Bengali)**<br>by Dr Hafiz Saleh Muhammad Alladin<br>P.B, Pages-55<br>Code-000 Price..../- Stock-500 |




| | |
|---|---|
| নবাগত আহ্‌মদীদের জামা'তের প্রতিষ্ঠাতা হযরত মির্যা গোলাম আহ্‌মদ কাদিয়ানী মসীহ্ মাওউদ ও ইমাম মাহ্‌দী (আ.) এর পবিত্র জীবনী এবং জামা'ত সম্পর্কে জানার পিপাসা নিবারণের উদ্দেশ্যে সৈয়্যদনা হযরত মির্যা বশীরুদ্দীন মাহ্‌মুদ আহ্‌মদ খলীফাতুল মসীহ্ সানী (রা.) রচিত হযরত মসীহ্ মাওউদ (আ.) এর অনন্য সাধারণ জীবন চরিতকে প্রকাশ করা হচ্ছে যা শুধুমাত্র এই মহৎ উদ্দেশেই তিনি (রা.) রচনা করেছিলেন। এই পুস্তকটি হুযুর (রা.) ১৯১৪ খ্রিস্টাব্দে উর্দু ভাষায় প্রণয়ন করেছিলেন। সৈয়্যদনা হযরত খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) এর সদয় অনুমোদনে পুস্তকটির পরিমার্জিত বাংলা সংস্করণ নব আঙ্গিকে প্রথমবার নাযারত নশর ও এশায়াত কাদিয়ান থেকে প্রকাশিত হচ্ছে। | আহমদ চরিত<br>**Seerat Hazrat Massih Maud as (Bengali)**<br>by Hazrat Khalifatul Masih II<br>P.B, Pages-90,<br>Code-M-000, Price-00/-<br>Stock-500 |
| | |
| | |
| | |

## বিশদ বিবরণের জন্য দেখুন:

https://ahmadiyyamuslimjamaat.in/books/nashr-o-ishaat/Stock-Price/Bangla/

অনুবাদ ও সম্পাদনায়: বাংলা ডেস্ক কাদিয়ান; 01-09-2024